হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৯৫ ঃ মেহেরপুর-বৃহস্পতিবার ২৪ জুলাই ২০২৫ ইং ঃ ৯ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ ২৮ মুহাররম ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



মিমির 'ইচ্ছেতলা' মঞ্চে আনছে শিশুতোষ নাটক -পৃষ্ঠা-৩




## ২৪ জুলাই : চিরুনি অভিযানে গ্রেফতার ১,৪০০, সারাদেশে ব্রডব্যান্ড ইন্টারনেট চালু

নিজস্ব প্রতিবেদক

কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে দেশের বিভিন্ন জায়গায় সংঘর্ষ, হামলা, ভাঙচুর, সংঘর্ষ ও অগ্নিসংযোগের ঘটনায় ২০২৪ সালের ২৪ জুলাই (বুধবার) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী 'চিরুনি অভিযান' অব্যাহত রাখে। টানা পঞ্চম দিনের মতো সারাদেশে কারফিউ বলবৎ ছিল, তবে এদিন তা শিথিল রাখা হয়।

২৪ জুলাই সারাদেশে আন্দোলনকারীসহ বিভিন্ন রাজনৈতিক দলের প্রায় ১ হাজার ৪০০ জনকে গ্রেফতার করা হয়। এর মধ্যে ঢাকায় ৬৪১ জনকে গ্রেফতার করা হয়। এ নিয়ে গত ৮ দিনে (১৭-২৪ জুলাই) সারাদেশে গ্রেফতারের সংখ্যা দাঁড়ায় প্রায় সাড়ে চার হাজার। রাজধানীতে মোট ১ হাজার ৭৫৮ জনকে গ্রেফতার করা হয়। চট্টগ্রামে গ্রেফতার করা হয় মোট

২-এর পৃষ্ঠা দেখুন

# বড়াইগ্রামে সড়ক দুর্ঘটনায় ৮ জন নিহত : ২ জনের বাড়ি গাংনীতে

নিজস্ব প্রতিবেদক

নাটোরের বড়াইগ্রাম উপজেলায় ভয়াবহ সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন একই পরিবারের সাতজনসহ মোট আটজন। বুধবার (২৩ জুলাই) সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার তরমুজ পাম্প এলাকায় বনপাড়া-হাটিকুমরুল মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। নিহতদের বাড়ি কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার আদাবাড়িয়া ইউনিয়নের ধর্মদহ গ্রামে। সিরাজগঞ্জে এক আত্মীয়কে দেখতে যাওয়ার পথে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাকের সঙ্গে মাইক্রোবাসটির মুখোমুখি সংঘর্ষ হলে ঘটনাস্থলেই ছয়জনের মৃত্যু হয়। পরে



হাসপাতালে নেওয়ার পথে মারা যান আরও দুইজন। নিহতরা হলেন জাহিদুল ইসলাম (৫৫), তার স্ত্রী সেলিনা খাতুন (৫০), ছোটবোন রউসনারা আক্তার ইতি (৪৮), চাচাতো বোন আনোয়ারা খাতুন (৫৫), চাচাতো ভাবি আনোয়ারা খাতুন আনু (৫০), শাশুড়ি আনজুমান (৭৫), শ্যালিকা সীমা (৩৫) এবং মাইক্রোবাস চালক শাহাবুদ্দিন (৪২)। চালক শাহাবুদ্দিনও একই গ্রামের বাসিন্দা। নিহতের মধ্যে ২ জন মেহেরপুরের গাংনী উপজেলার বেতবাড়ীয়া গ্রামের একই পরিবারের।এরা হলেন-বেতবাড়ীয়া গ্রামের মহাম্মদ মল্লোর স্ত্রী আনজুমান তার মেয়ে সীমা খাতুন ।

নিহত নিহত জাহিদুল ইসলামের চাচাতো ভাই নাহারুল ইসলাম বলেন, আমার চাচাতো ভাইয়ের দুই ছেলে প্রবাসে থাকেন। কয়েক দিন আগে বড় ছেলে সোহানুর রহমানের স্ত্রীর অপারেশন হয়েছে। সোহানুর রহমানের স্ত্রী তার বাবার বাড়ি সিরাজগঞ্জে থাকেন। তাকে দেখতে যাওয়ার জন্য সকাল সাড়ে ৬টার দিকে একটি মাইক্রোবাস ভাড়া নিয়ে চাচাতো ভাই, ভাবিসহ পরিবারের ৭ জন সিরাজগঞ্জ

২-এর পৃষ্ঠা দেখুন




মুজিবনগর উপজেলা বিএনপির দ্বিবার্ষিক সম্মেলন সম্পন্ন

# নেতৃত্বে এলেন আমিরুল মশিউর ও হারুন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলা বিএনপির বহুল প্রতীক্ষিত দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে উৎসবমুখর পরিবেশে। বুধবার (২২ জুলাই) দুপুরে উপজেলার রামনগর ফুটবল মাঠে আয়োজিত এ সম্মেলনে নতুন নেতৃত্ব বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম সভাপতি, মশিউর রহমান সাধারণ সম্পাদক এবং হারুনর রশীদ ও জালাল উদ্দিন সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হয়েছেন।

সম্মেলনে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে পৃথক তিন মামলায় পাঁচজনের সাজা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে মাদক রাখা ও মারামারির ঘটনায় দায়ের করা তিনটি পৃথক মামলায় পাঁচ আসামির বিরুদ্ধে কারাদণ্ড ও অর্থদণ্ড দিয়েছেন আদালত। বুধবার (২৩ জুলাই) দুপুরে মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এসব রায় ঘোষণা করেন।

মাদক রাখার দায়ে মোঃ কাউছার নামের এক যুবককে ১ বছর সশ্রম কারাদণ্ড এবং ৫ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও ১ মাসের কারাদণ্ড প্রদান করা হয়েছে। মামলার নথি থেকে জানা যায়, ২০১৮ সালের ৩০ জুলাই সকালে মেহেরপুর পৌর এলাকার ওয়াপদা মোড়ে অবস্থানকালে এএসআই শেখ মনিরুজ্জামান গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারেন, নাইট বিলাস হোটেলের সামনে এক ব্যক্তি গাঁজা বিক্রির জন্য অপেক্ষা করছে। পরবর্তীতে অভিযান চালিয়ে ফারুক অটোস গ্যারেজের সামনে থেকে কাউছারকে আটক করা হয়। তার পাঞ্জাবির পকেট ও জিন্সের পকেট থেকে সর্বমোট ১০০ গ্রাম গাঁজা জব্দ করা হয়। মামলার তদন্ত শেষে চার্জশিট প্রদান করা হলে আদালত সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে এ রায় দেন।

মেহেরপুরের গাংনী উপজেলায় কুপিয়ে জখম করার মামলায় মোঃ খায়রুল ইসলামকে ৩ বছর সশ্রম কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ১ মাসের কারাদণ্ড প্রদান করা হয়েছে। একই মামলায় অপর দুই আসামি ঠান্ডু ও হান্নান হোসেনকে ৬ মাস করে সশ্রম কারাদণ্ড ও ১ হাজার টাকা করে অর্থদণ্ড দেওয়া হয়। মামলার এজাহার সূত্রে জানা যায়, প্রায় দেড় বছর আগে রাত সাড়ে আটটার দিকে গাংনীর একটি গ্রামে বাদীর বাড়িতে ঢুকে আসামিরা হামলা চালায়। খায়রুল ইসলামের

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে ৭১টি প্রাথমিক বিদ্যালয়ে প্রজেক্টর বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে সদর উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে মাল্টিমিডিয়া প্রজেক্টর ও এর আনুষঙ্গিক সামগ্রী বিতরণ করা হয়েছে। বুধবার (২৩ জুলাই) বিকেলে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস প্রাঙ্গণে এক অনুষ্ঠানের মাধ্যমে এসব

২-এর পৃষ্ঠা দেখুন

## আওয়ামী লীগ নেতাসহ চারজন আটক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর ও গাংনী থানা পুলিশ পৃথক অভিযান চালিয়ে ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সহ পাঁচজনকে আটক করেছে।

মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আরজান আলীকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ। সোমবার (২২ জুলাই) দিবাগত রাতে বিশেষ অভিযান চালিয়ে তাকে নিজ বাড়ি থেকে আটক করা হয়। মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান বিষয়টি নিশ্চিত

২-এর পৃষ্ঠা দেখুন

## ছাত্রী অপহরণে অভিযুক্ত বিতর্কিত শিক্ষক সাবেক মন্ত্রীর ঘনিষ্ঠতা প্রশ্নের মুখে

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুরের মুজিবনগর আদর্শ মহিলা কলেজের সমাজকর্ম বিভাগের শিক্ষক নুরুল ইসলাম ওরফে নুরুল মাস্টার (৩৭) আবারও বিতর্কের কেন্দ্রবিন্দুতে। অভিযোগ উঠেছে, তিনি নিজ কলেজের এক এইচএসসি পরীক্ষার্থী ছাত্রীকে অপহরণ করেছেন। এ ঘটনায় ভুক্তভোগী ছাত্রীর বাবা মো. হানিফ গত ২১ জুলাই মুজিবনগর থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে একটি অপহরণ মামলা দায়ের করেন। মামলায় তিনি উল্লেখ করেন, দীর্ঘদিন ধরে তার মেয়েকে অনুসরণ করছিলেন অভিযুক্ত শিক্ষক নুরুল। ২০ জুলাই গভীর রাতে,

২-এর পৃষ্ঠা দেখুন



## আগামীসংসদ নির্বাচনে ঝুঁকিপূর্ণ কেন্দ্রে সিসি ক্যামেরা চায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে নিরাপত্তা ব্যবস্থা জোরদারের অংশ হিসেবে ঝুঁকিপূর্ণ ভোটকেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপনের সুপারিশ করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এ বিষয়ে নির্বাচন কমিশনকে (ইসি) প্রয়োজনীয় ব্যবস্থা নিতে আনুষ্ঠানিকভাবে চিঠি দিয়েছে মন্ত্রণালয়টি। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের রাজনৈতিক শাখা-২ এর সিনিয়র সহকারী সচিব মোঃ আবদুল হাই স্বাক্ষরিত এ চিঠি ইসি সচিব আখতার

২-এর পৃষ্ঠা দেখুন

## জনগণকে ঠকিয়ে কোনো রাষ্ট্রনায়ক সফল হয়নি- জামায়াত আমির

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডাঃ শফিকুর রহমান বলেছেন, "জনগণকে ঠকিয়ে কোনো রাষ্ট্রনায়ক সফল হতে পারেনি। অন্যায়, জুলুম ও দুর্নীতি করলে চৌদ্দগুষ্টিসহ পালাতে হয়।" বুধবার (২৩ জুলাই) বিকেলে বিয়ানীবাজার উপজেলার একটি কমিউনিটি সেন্টারে আয়োজিত জনশক্তি ও সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, "জামায়াতে ইসলামী কখনো অন্যায়ের সঙ্গে আপস করেনি। ১১ জন নেতা ফাঁসির কাষ্ঠে হাসিমুখে ঝুলেছেন, কিন্তু কেউ পালিয়ে যাননি। আমরা স্বচ্ছতায় আবৃত ছিলাম, ভবিষ্যতেও থাকবো।"

২-এর পৃষ্ঠা দেখুন



## পরাজিত শক্তির নানা ষড়যন্ত্রের লক্ষণ দেখা যাচ্ছে : প্রধান উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

দেশের সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে ১৩টি রাজনৈতিক দল ও জোটের নেতাদের সঙ্গে বৈঠকে প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, জুলাই অভ্যুত্থানের এক বছরে আমাদের আয়োজন ছিল সব রাজনৈতিক দলকে একসঙ্গে নিয়ে অতীতকে স্মরণ করা, সে জন্য কর্মসূচি গ্রহণ করেছিলাম। এতে করে ফ্যাসিবাদের বিরুদ্ধে নিজেদের মধ্যে ঐক্যটা দৃশ্যমান হতো। কিন্তু এক বছর যেতে না যেতেই

২-এর পৃষ্ঠা দেখুন

## র‍্যাঙ্কিংয়ে ১৭ ধাপ লাফিয়ে সেরা দশে মোস্তাফিজ

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের বিপক্ষে চলমান সিরিজে দুর্দান্ত পারফরম্যান্সের প্রতিফলন দেখা গেছে মোস্তাফিজুর রহমানের আন্তর্জাতিক র?্যাঙ্কিংয়ে। আইসিসি প্রকাশিত সর্বশেষ টি-টোয়েন্টি বোলারদের র?্যাঙ্কিংয়ে ১৭ ধাপ এগিয়ে গিয়ে বিশ্বসেরা দশে জায়গা করে নিয়েছেন এই বাঁহাতি পেসার। বুধবার (২৩ জুলাই) আইসিসির সাপ্তাহিক র?্যাঙ্কিং হালনাগাদে দেখা যায়, মোস্তাফিজ বর্তমানে ৬৫৩ রেটিং পয়েন্ট নিয়ে ভারতের পেসার আর্শদিপ সিংয়ের সঙ্গে যৌথভাবে নবম স্থানে অবস্থান করছেন। এটি মোস্তাফিজের ক্যারিয়ারের অন্যতম সেরা অর্জন বলে মনে করছেন বিশ্লেষকরা। সিরিজের

২-এর পৃষ্ঠা দেখুন



## রাজনৈতিক সরকার না থাকলে সমস্যা বাড়ে- ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, রাজনৈতিক সরকার না থাকলে দেশে সমস্যা বাড়তে থাকে। তিনি বলেন, রাজনৈতিক দল হিসেবে বিএনপি সর্বদা দ্রুত নির্বাচন করে স্থায়ী সরকার গঠনের পক্ষে রয়েছে। বুধবার গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে ক্ষুদ্র নৃগোষ্ঠীর নেতৃবৃন্দের সঙ্গে বৈঠক শেষে ফখরুল এসব কথা বলেন। উত্তরায় বিমান দুর্ঘটনার পর সরকারের পদক্ষেপ নিয়ে প্রশ্নের জবাবে তিনি বলেন, বর্তমান সরকারের সবচেয়ে

২-এর পৃষ্ঠা দেখুন

### ধঅনুবাক্য

মামুনুর রশিদ মামুন
খবর (নিহতদের স্মরণে মেহেরপুরে শোক ও দোয়া)

আছড়ে পড়ল উড়ন্ত বিমান
শিা প্রতিষ্ঠানের উপরে
তখনো কেউ জানতো নাকি
পড়বো এমন বিপদে।
ঝরলো প্রাণ মরল শিশু
কাঁদলো সারা বাংলাদেশ
আল্লাহ তুমি মা কোর
এমনভাবে যেন না হয় শেষ।
এমন দ"শ্য দেখতে হলো
বাংলাদেশের ও ভিতরে
হাজার হাজার মরছে শিশু
প্যালেস্টাইনের গাঁজাতে ।
দেশবাসীর দোয়া তুমি
কবুল করে নিও
শোক সপ্ত পরিবারকে
সহ্য করার ধৈর্য তুমি দিও।।



## ঐকমত্য কমিশনের বৈঠক থেকে ৩ দলের 'ওয়াকআউট'

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় ঐকমত্য কমিশনের দ্বিতীয় ধাপের সংলাপের ১৮তম দিনের অধিবেশন থেকে ১০ মিনিটের 'প্রতীকী ওয়াকআউট' করেছে বাম ধারার তিনটি দল- সিপিবি, বাসদ ও বাংলাদেশ জাসদ। উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বিধ্বস্ত হয়ে হতাহতের ঘটনার

২-এর পৃষ্ঠা দেখুন

## 'কীভাবে ব্যাটিং-বোলিং করতে হয়, পাকিস্তানকে শিখিয়েছে বাংলাদেশ'

সূর্যোদয় প্রতিবেদন

এক ম্যাচ হাতে রেখেই ইতিহাস গড়ল বাংলাদেশ। মিরপুরে জমজমাট দ্বিতীয় টি-টোয়েন্টি ম্যাচে ৮ রানের জয়ে পাকিস্তানের বিপক্ষে প্রথমবারের মতো টি-টোয়েন্টি সিরিজ জিতে নিল টাইগাররা। এতে সিরিজে ২-০ ব্যবধানে এগিয়ে গেল লিটন দাসের নেতৃত্বাধীন দল। এই পরাজয়ে হতাশ পাকিস্তানের সাবেক অধিনায়ক ও পিসিবির সাবেক চেয়ারম্যান রমিজ রাজা। নিজের ইউটিউব চ্যানেল 'রমিজ স্পিকস'-এ প্রকাশিত ভিডিও বার্তায় তিনি সরাসরি সমালোচনা করেন পাকিস্তান দলকে। রমিজ

২-এর পৃষ্ঠা দেখুন



## বিধ্বস্ত বিমান শেখ হাসিনার আমলে কেনা, দাবি হাসনাতের

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর উত্তরা দিয়াবাড়িতে বিধ্বস্ত হওয়া বিমানটি বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার শাসনামলে কেনা হয়েছে বলে দাবি করেছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর দক্ষিণাঞ্চলীয় মুখ্য সমন্বয়ক হাসনাত আব্দুল্লাহ। বুধবার (২৩ জুলাই) দুপুরে চাঁদপুর বাসস্ট্যান্ডে

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনি সংবাদ সংগ্রহে সাংবাদিকদের জন্য ইসির নীতিমালা প্রকাশ

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় সংসদসহ স্থানীয় পর্যায়ের সব ধরনের নির্বাচনে সংবাদ সংগ্রহের জন্য সাংবাদিকদের জন্য একটি নতুন নীতিমালা প্রকাশ করেছে নির্বাচন কমিশন (ইসি)। বুধবার (২৩ জুলাই) ইসির সিনিয়র সচিব মো. আখতার হামিদের সই করা নীতিমালাটি প্রকাশ করা হয়। নীতিমালায় কেন্দ্রীয় ও স্থানীয় সাংবাদিকদের দায়িত্ব পালনে প্রয়োজনীয় অনুমতি, কার্ড ও স্টিকার ইস্যুর নিয়ম-কানুন নির্ধারণ করা হয়েছে। ইসির নীতিমালায় বলা হয়েছে, রাজধানীকেন্দ্রিক জাতীয় গণমাধ্যমের সাংবাদিকদের 'কেন্দ্রীয় সাংবাদিক' হিসেবে বিবেচনা করা হবে। তাদের জন্য প্রয়োজনীয় কার্ড, যানবাহনের স্টিকার এবং অন্যান্য অনুমতিপত্র নির্বাচন কমিশন সচিবালয়ের জনসংযোগ অধিশাখা থেকে সরবরাহ করা হবে। অন্যদিকে, জেলা বা উপজেলা পর্যায়ে কর্মরত সাংবাদিকদের 'স্থানীয় সাংবাদিক' হিসেবে গণ্য করা হবে। এদের মধ্যে স্থানীয় পত্রিকা, জাতীয় দৈনিক, টেলিভিশন, অনলাইন ও আইপিটিভির প্রতিনিধি থাকবেন। এসব সাংবাদিকদের অনুমতিপত্র ও স্টিকার সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বা তার মনোনীত কর্মকর্তার মাধ্যমে ইস্যু করা হবে। ভোটগ্রহণের অন্তত সাতদিন আগে

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বৃহস্পতিবার ॥ ৯ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ২৪ জুলাই ২০২৫ইং

# ফুটপাত দখল করে দোকানপাট, ঝুঁকিতে পথচারীরা




নিজস্ব প্রতিবেদক

পথচারীদের নিরাপদ চলাচলের জন্য মেহেরপুর শহরের প্রধান সড়কগুলোর পাশে যে ফুটপাত নির্মাণ করা হয়েছিল, তা এখন আর পথচারীদের নয়, দখল হয়ে গেছে অস্থায়ী দোকানি ও ভ্রাম্যমাণ ব্যবসায়ীদের হাতে। ফলে ফুটপাত ছেড়ে বাধ্য হয়ে গাড়ি চলাচলের মূল সড়কে নেমে ঝুঁকি নিয়ে হাঁটতে হচ্ছে সাধারণ মানুষকে। এতে একদিকে দুর্ঘটনার ঝুঁকি যেমন বাড়ছে, তেমনি সৃষ্টি হচ্ছে তীব্র যানজট। এদিকে পুলিশ বলছে ফুটপাতে খালিকরার দায়িত্ব তাদের না আর পৌর সভ বলছে পৌরসভা কাউকে লিজ দেওয়া হয়নি।

স্থানীয় সহর বাসীর অভিযোগ, শহরের বেশিরভাগ ফুটপাতেই সাজানো হয়েছে নানান খাবার, ফলমূল, চা-পানের অস্থায়ী দোকান। এমনকি যাদের স্থায়ী দোকান আছে, তারাও ফুটপাতে পণ্য সাজিয়ে রাখছেন। গ্যাস সিলিন্ডারের মতো ভয়াভব দাহ্য পদার্থও থাকছে ফুটপাতে। এসব দোকানে

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা



# স্কিন ব্যাংক: দগ্ধ রোগীদের জীবন বাঁচানোর নতুন দ্বার

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে দেশে প্রথমবারের মতো চালু হয়েছে স্কিন ব্যাংক। গুরুতর দগ্ধ রোগীদের জন্য এটি এক যুগান্তকারী পদক্ষেপ। চলতি বছরের ৯ জানুয়ারি সিঙ্গাপুর জেনারেল হাসপাতালের কারিগরি সহায়তায় এই ব্যাংকটির উদ্বোধন হয়।

স্কিন ব্যাংক কী? স্কিন ব্যাংক হলো এমন একটি জায়গা, যেখানে সুস্থ বা মৃত মানুষের শরীর থেকে সংগ্রহ করা চামড়া সংরক্ষণ করা হয়। রক্তের জন্য যেমন ব্লাড ব্যাংক, তেমনি চামড়ার জন্য স্কিন ব্যাংক। কেন স্কিন ব্যাংক দরকার? গভীর দগ্ধতায় শরীর থেকে প্রচুর পরিমাণে পানি, লবণ ও তাপ বেরিয়ে যায়। অনেক সময় রোগীর শরীরের অন্য অংশ থেকেও চামড়া নেওয়া যায় না। এই পরিস্থিতিতে স্কিন ব্যাংকে সংরক্ষিত দাতার চামড়া ব্যবহার করে রোগীকে চিকিৎসা দেওয়া হয়। এতে: মৃত্যুঝুঁকি কমে, সংক্রমণের আশঙ্কা হ্রাস পায়, নতুন চামড়া দ্রুত গঠিত হয়। কে চামড়া দান করতে পারেন? সুস্থ মানুষ চাইলে একাধিকবার চামড়া দান করতে পারেন। এটি একেবারেই নিরাপদ; দান করার পর ১৪ দিনের

৩-এর পৃষ্ঠা দেখুন

# অপরাধ করলেই যুক্তরাষ্ট্রের ভিসা বাতিল, ভবিষ্যতে প্রবেশ নিষিদ্ধ

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রে অবস্থানরত বিদেশি নাগরিকদের জন্য জারি করা হয়েছে কড়া সতর্কবার্তা। অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত হলেই বাতিল হয়ে যেতে পারে ভিসা, আর ভবিষ্যতে যুক্তরাষ্ট্রে প্রবেশে জারি হতে পারে স্থায়ী নিষেধাজ্ঞা। ভারতে অবস্থিত মার্কিন দূতাবাস এক বিবৃতিতে জানিয়েছে,



যুক্তরাষ্ট্রে বা অন্য যেকোনো দেশে ভিসাধারী কেউ যদি কোনো অপরাধ করেন, তবে তার ভিসা তাৎক্ষণিকভাবে বাতিল হতে পারে। একইসঙ্গে তিনি ভবিষ্যতে আর কখনও মার্কিন ভিসা পাওয়ার যোগ্যতা হারাতে পারেন। মার্কিন কর্তৃপক্ষের প্রকাশিত বিবৃতিতে স্পষ্ট করে বলা হয়েছে, "ভিসা কোনো অধিকার নয়, এটি একটি সুযোগ। এই সুযোগের অপব্যবহারকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।" বিবৃতিতে আরও বলা হয়, যদি কেউ যুক্তরাষ্ট্রে অবস্থানকালে হামলা, পারিবারিক সহিংসতা বা অন্যান্য কোনো অপরাধে গ্রেপ্তার হন, তবে তার বিরুদ্ধে ভিসা বাতিলসহ যুক্তরাষ্ট্রে স্থায়ীভাবে নিষিদ্ধ করার মতো পদক্ষেপ নেওয়া হতে পারে। যুক্তরাষ্ট্রের আইনে চুরি, ডাকাতি, ছিনতাই এবং দোকানে পণ্যের চুরি (শপলিফটিং) গুরুতর অপরাধ হিসেবে বিবেচিত। এমনকি সামান্য অপরাধও বিদেশি নাগরিকদের জন্য ভয়াবহ পরিণতির কারণ হতে পারে, যার মধ্যে রয়েছে ভিসা বাতিল, বহিষ্কার এবং ভবিষ্যতে পুনঃপ্রবেশে নিষেধাজ্ঞা। দূতাবাসের বিবৃতিতে আরও জানানো হয়, বেশিরভাগ অঙ্গরাজ্যে দোকানদারদের সন্দেহভাজন অপরাধীদের আটক করার অধিকার রয়েছে।

৩-এর পৃষ্ঠা দেখুন



# দুর্ভিক্ষ-মহামারীর দ্বারপ্রান্তে গাজা: সাহায্য সংস্থাগুলোর জরুরি আহ্বান

সূর্যোদয় প্রতিবেদন

ইসরায়েলি অবরোধ, লাগাতার বিমান হামলা এবং সীমিত ত্রাণ প্রবেশ এই তিনে মিলে মানবিক বিপর্যয়ের দ্বারপ্রান্তে পৌঁছেছে ফিলিস্তিনের গাজা উপত্যকা। একাধিক আন্তর্জাতিক সাহায্য সংস্থার মতে, গাজায় এখন কার্যত গণদুর্ভিক্ষ ছড়িয়ে পড়েছে, এবং পরিস্থিতি দ্রুত নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছে। এক যৌথ বিবৃতিতে অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল, ডক্টরস উইদাউট বর্ডারস (গঝঋ), অক্সফ্যামসহ শতাধিক আন্তর্জাতিক সংস্থা গভীর উদ্বেগ প্রকাশ করেছে। তারা বলেছে, "গাজার মানুষ আজ না খেয়ে দিন কাটাচ্ছে, পানির অভাবে ছড়িয়ে পড়ছে মহামারী, আর শিশু ও বৃদ্ধরা মৃত্যুর দিকে ধাবিত হচ্ছেন।" বিবৃতিতে আরও বলা হয়, চিকিৎসকদের ভাষ্যমতে গাজার শিশুদের মধ্যে রেকর্ড পরিমাণ অপুষ্টি দেখা যাচ্ছে। বাজারে খাবার নেই, রাস্তা-ঘাটে আবর্জনার স্তূপ, পানির অভাবে ডায়রিয়া ছড়িয়ে পড়ছে মহামারীর মতো। অনেক প্রাপ্তবয়স্ক

৩-এর পৃষ্ঠা দেখুন

# যুক্তরাষ্ট্র শুল্ক কমাবে, আশা অর্থ উপদেষ্টার

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের পণ্যের ওপর মার্কিন যুক্তরাষ্ট্র যে পাল্টা শুল্ক আরোপ করেছে, সেই শুল্কের হার কিছুটা কমানো হবে বলে আশা করছেন অর্থ উপদেষ্টা ডঃ সালেহউদ্দিন আহমেদ। তিনি বলেছেন, আলোচনা করতে আগামী ১ আগস্টের আগেই বাণিজ্য উপদেষ্টা প্রতিনিধিদল নিয়ে যুক্তরাষ্ট্রে যাবেন।

বুধবার (২৩ জুলাই) সচিবালয়ে সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। বৈঠকের সিদ্ধান্ত বিষয়ে অর্থ উপদেষ্টা বলেন, দেড় লাখ টন সার অমদানির অনুমোদন দেওয়া হয়েছে। ইউরিয়া ও টিএসপিসহ বিভিন্ন রকম সার রয়েছে। এলএনজি আমদানির অনুমোদন দিয়েছি। তিনি বলেন, ২৫ লাখ টন গম আনার জন্য অনুমোদন

৩-এর পৃষ্ঠা দেখুন



# দরকার হলে ইসরায়েলে আরও কঠোর হামলা হবে- মাসুদ পেজেশকিয়ান

সূর্যোদয় প্রতিবেদন

ইরানের নবনির্বাচিত প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান কঠোর হুঁশিয়ারি দিয়ে জানিয়েছেন, ইসরায়েল যদি আগ্রাসন অব্যাহত রাখে, তবে তার দেশ আরও কঠোর প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরাকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এই মন্তব্য করেন। সাক্ষাৎকারে পেজেশকিয়ান বলেন, "ইরান আন্তর্জাতিক আইনের আওতায় নিজস্ব ভূখণ্ডে ইউরেনিয়াম সমৃদ্ধকরণ অব্যাহত রাখবে। যারা মনে করে আমাদের পরমাণু কর্মসূচি থেমে গেছে, তারা বিভ্রমে রয়েছে। আমাদের বৈজ্ঞানিক সক্ষমতা কেবল স্থাপনায় সীমাবদ্ধ নয়, এটি নিহিত আছে আমাদের মননে ও গবেষণায়।" ইরান বরাবরই দাবি করে আসছে যে, তাদের পরমাণু কর্মসূচি শান্তিপূর্ণ উদ্দেশ্যে পরিচালিত হচ্ছে। প্রেসিডেন্ট পেজেশকিয়ান এ দাবিকে আরও

৩-এর পৃষ্ঠা দেখুন



# পাঁচ বছর পর চীনা পর্যটকদের জন্য ভিসা চালু করল ভারত

সূর্যোদয় প্রতিবেদন

দীর্ঘ প্রায় পাঁচ বছর পর আবারও চীনা নাগরিকদের জন্য ট্যুরিস্ট ভিসা চালু করতে যাচ্ছে ভারত। আগামী বৃহস্পতিবার (২৪ জুলাই) থেকে আনুষ্ঠানিকভাবে এই ভিসা প্রদান শুরু হবে বলে জানিয়েছে বেইজিংয়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

# মহাকাশে শক্তি প্রদর্শন করলো ইরান, দিলো স্পষ্ট বার্তা

সূর্যোদয় প্রতিবেদন

মধ্যপ্রাচ্যে সামরিক উত্তেজনার মধ্যেই মহাকাশে স্যাটেলাইট উৎক্ষেপণ করে নতুন করে শক্তির বার্তা দিল ইরান। ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর ব্যবস্থাপনায় 'কাসেদ' নামের উৎক্ষেপণযান ব্যবহার করে সফলভাবে একটি স্যাটেলাইট পাঠিয়েছে তেহরান। এটি সাবঅরবিটাল কক্ষপথে স্থাপিত হয় বলে নিশ্চিত করেছে দেশটির প্রতিরক্ষা বিভাগ। বিশ্লেষকদের মতে, এই উৎক্ষেপণ কেবল প্রযুক্তিগত অর্জন নয়, বরং একটি সুস্পষ্ট কৌশলগত বার্তাড়বিশেষ করে পশ্চিমা দেশগুলোর উদ্দেশে। ওয়াশিংটনের এলিয়ট স্কুল অব ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্সের সহকারী অধ্যাপক ও মধ্যপ্রাচ্য বিশ্লেষক সিনা আজোদি বলেন, "ইরান এখন কেবল প্রযুক্তিগত সক্ষমতা অর্জনের পথে নেই, বরং এটি বিশ্বের প্রতি একটি শক্তি প্রদর্শনের কৌশল হিসেবেও কাজ করছে। এই ধরনের উৎক্ষেপণ ইঙ্গিত দেয় যে, ইরান ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রযুক্তিতে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করছেড়সংঘাত ছাড়াই।" ইরান দাবি করেছে, এটি মহাকাশ গবেষণারই অংশ। তবে পশ্চিমা নিরাপত্তা বিশ্লেষকরা একে দেখছেন একেবারেই ভিন্নভাবে।

৩-এর পৃষ্ঠা দেখুন

# বিশ্বের উন্নয়ন ভাবনাকে প্রকৃতি কেন্দ্রিক হতে হবে পরিবেশ উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

বৈশ্বিক অংশীজনদের প্রকৃতিভিত্তিক সমাধান গ্রহণে এবং উন্নত দেশগুলোকে তাদের জলবায়ু দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান।

আজ বুধবার সকালে 'জলবায়ু পরিবর্তনে সম্প্রদায় ও বাস্তুতন্ত্রের সহনশীলতা বৃদ্ধি'- এই প্রতিপাদ্যে থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিত মেঘনা নলেজ ফোরামে (এমকেএফ-২) ঢাকা থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এ কথা বলেন। পরিবেশ উপদেষ্টা

৩-এর পৃষ্ঠা দেখুন

# গোপালগঞ্জে আরও দুই মামলা, আসামি ১৪৪২

সূর্যোদয় প্রতিবেদন

গোপালগঞ্জে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) জুলাই পদযাত্রা ঘিরে হামলা-সংঘর্ষের ঘটনায় পুলিশ ও গোপালগঞ্জ জেলা কারাগারের জেলার বাদী হয়ে সদর ও টুঙ্গিপাড়া থানায় নতুন দুইটি মামলা করেছেন। এসব মামলায় ১ হাজার ৪৪২ জনকে আসামি করা হয়েছে।

এর মধ্যে টুঙ্গিপাড়া থানার উপপরিদর্শক মো. মনির হোসেন বাদী হয়ে টুঙ্গিপাড়া পৌরসভার ৫নং ওয়ার্ডের সভাপতি নুরুল ইসলাম শেখ ও সাধারণ সম্পাদক ইফতি জামানসহ

৩-এর পৃষ্ঠা দেখুন

## প্রযুক্তি

# মোবাইল ধীরগতির? হবে আগের চেয়ে তিনগুণ ফাস্ট!

সূর্যোদয় প্রতিবেদন



আপনার প্রিয় স্মার্টফোনটি কি সম্প্রতি ধীরগতি হয়ে গেছে? অ্যাপ খুলতে বা এক অ্যাপ থেকে অন্য অ্যাপে যেতে দেরি হচ্ছে? এই সমস্যা এখন আর নতুন নয়। সময়ের সাথে সাথে আমাদের স্মার্টফোনগুলো নানা কারণে গতি হারাতে শুরু করে। তবে বিশেষজ্ঞরা বলছেন, একটি ছোট্ট এবং গোপন কৌশল রয়েছে যা ব্যবহার করলে আপনার মোবাইল ফোনটি আগের চেয়ে তিনগুণ দ্রুত কাজ করবে! এই কৌশলটি হলো অ্যানিমেশন স্কেল কমিয়ে আনা বা বন্ধ করা। মোবাইল ফোনের অপারেটিং সিস্টেমে, বিশেষ করে অ্যান্ড্রয়েডে, বিভিন্ন ট্রানজিশন এবং উইন্ডো অ্যানিমেশন থাকে। যখন আপনি একটি অ্যাপ খোলেন, বন্ধ করেন বা স্ক্রল করেন, তখন এই অ্যানিমেশনগুলো একটি মসৃণ ভিজ্যুয়াল অভিজ্ঞতা দেয়। দেখতে সুন্দর লাগলেও, এই অ্যানিমেশনগুলো প্রসেসরের ওপর কিছুটা চাপ ফেলে, বিশেষ করে পুরোনো বা কম শক্তিশালী ফোনগুলোতে। অ্যানিমেশন স্কেল কমিয়ে দিলে বা বন্ধ করে দিলে সেই চাপ কমে আসে এবং ফোন উল্লেখযোগ্যভাবে দ্রুত কাজ করে।'অ্যানিমেশন স্কেল' কমানোর সিক্রেট ট্রিকটি কীভাবে ব্যবহার করবেন? এই কৌশলটি প্রয়োগ করতে আপনাকে ডেভেলপার অপশন চালু করতে

৩-এর পৃষ্ঠা দেখুন

**মায়ের হাসি ক্লিনিক**

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

**নিয়মিত রোগী দেখেন**

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
**ডাঃ এম.র. মালিক**
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, (আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
**ডাঃ কানিজ নাঈমা**
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
**ডাঃ রুমানা হেলালী (জুসি)**
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

**শর্মা ফুড প্লাজা**

বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।

মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩

অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পাস্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,




ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।

এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বৃহস্পতিবার, ২৪ জুলাই ২০২৫ ইং

## জনবহুল এলাকায় প্রশিক্ষণ বিমান, নিরাপত্তা নিয়ে নতুন করে ভাবার সময়

উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের সামনে প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে রজনী ইসলাম নামে এক অভিভাবকের মৃত্যু আমাদের গভীরভাবে বিচলিত করেছে। তার মতো একজন মা শুধুমাত্র সন্তানকে স্কুল থেকে আনতে গিয়েই প্রাণ হারিয়েছেন এমন ঘটনা কোনোভাবেই মেনে নেওয়া যায় না। এই দুর্ঘটনা নতুন নয়। সাম্প্রতিক বছরগুলোতে আমরা একাধিকবার শুনেছি প্রশিক্ষণ বিমানের দুর্ঘটনার কথা। কিন্তু এবারের ঘটনাটি ভিন্নতর ও বিশেষভাবে উদ্বেগজনক, কারণ এটি ঘটেছে একটি ঘনবসতিপূর্ণ ও শিশুদের চলাচলপূর্ণ এলাকায়। প্রশ্ন উঠছে, কীভাবে এমন একটি এলাকায় বিমান অনুশীলন চলতে পারে? এর দায় দায়িত্ব কী কারও নয়? বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক), বাংলাদেশ বিমান বাহিনী, এবং সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার এখনই যৌথভাবে বিষয়টি পুনর্মূল্যায়ন করা উচিত। জনবহুল এলাকায় প্রশিক্ষণ বিমান চালানো কতটা যুক্তিযুক্ত, তা পর্যালোচনা করা আবশ্যক। নিরাপত্তা সংক্রান্ত ঝুঁকি, দুর্ঘটনার আশঙ্কা ও জনমানুষের জীবনের গুরুত্ব বিবেচনায় এ নীতিমালায় দ্রুত পরিবর্তন আনা জরুরি। ঘটনার তদন্ত ও জবাবদিহি: আমরা আশা করি, এই দুর্ঘটনার একটি পূর্ণাঙ্গ, স্বচ্ছ এবং স্বাধীন তদন্ত হবে। রজনী ইসলামের মৃত্যুর জন্য কোনো অবহেলা বা নিয়মভঙ্গ যদি দায়ী থাকে, তাহলে তা চিহ্নিত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। একইসঙ্গে ভবিষ্যতে এ ধরনের দুর্ঘটনা প্রতিরোধে দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণের আহ্বান জানাই। প্রশিক্ষণ ও নিয়ন্ত্রণ কাঠামোর সংস্কার প্রয়োজন: বর্তমানে যেসব প্রতিষ্ঠান প্রশিক্ষণ বিমান পরিচালনা করে, তাদের কার্যক্রমের ওপর কঠোর নজরদারি দরকার। প্রশিক্ষণ সময়, রুট, নিরাপত্তা ব্যবস্থা ও জনসংখ্যার ঘনত্বের দিকগুলো আরও সচেতনভাবে মূল্যায়ন না করলে ভবিষ্যতে বড় বিপর্যয়ের আশঙ্কা থেকেই যাবে। সাংবাদিকতা ও জনস্বার্থ: এই দুর্ঘটনা আমাদের মনে করিয়ে দেয়ড়সাংবাদিকতার প্রধান দায়িত্ব হচ্ছে জনস্বার্থে সত্য প্রকাশ ও জনমত গঠন। সে লক্ষ্যে আমরা কেবল দুর্ঘটনার বর্ণনা নয়, বরং এর পেছনের নীতিগত ত্রুটিগুলোও অনুসন্ধানযোগ্য বিষয় হিসেবে বিবেচনা করি। রজনী ইসলামের মৃত্যু যেন কেবল একটি পরিসংখ্যান না হয়ে যায়। আমরা চাই, এটি হোক সচেতনতা ও নীতিগত সংস্কারের সূচনা বিন্দু।

## নেতৃত্বে এলেন আমিরুল মশিউর ও হারুন

হাসান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক ও জাতীয় নির্বাহী কমিটির সদস্য বাবু জয়ন্ত কুমার কুন্ডু। সম্মেলনের উদ্বোধন করেন জেলা বিএনপির আহ্বায়ক জাবেদ মাসুদ মিল্টন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ, সদস্য রোমানা আহমেদ, স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টু, জাসাস সভাপতি বাকাবিল্লা প্রমুখ। সম্মেলনের সূচনায় জাতীয় সংগীত পরিবেশনার মাধ্যমে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হয়। পরে শুরু হয় বক্তব্য পর্ব।
প্রধান অতিথির বক্তব্যে বাবু জয়ন্ত কুমার কুন্ডু বলেন, "বাংলাদেশের গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার জন্য বেগম খালেদা জিয়া বছরের পর বছর কারা নির্যাতন সহ্য করেছেন। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানই স্বাধীনতার প্রথম ঘোষণা দিয়ে দেশকে সশস্ত্র যুদ্ধে উজ্জীবিত করেছিলেন। আজও জিয়ার সৈনিকেরা এই মুক্তিসংগ্রামে গণতন্ত্রের সংগ্রাম অব্যাহত রেখেছে।" তিনি আরও বলেন, "৫ আগস্ট দীর্ঘ ১৫ বছর ৮ মাসের দুঃশাসনের অবসান হয়েছে। আমাদের সহনশীল ও ত্যাগী থাকতে হবে। দলের বিপক্ষে কেউ অবস্থান করতে পারবে না। ধানের শীষের প্রার্থীকে বিজয়ী করতেই হবে।" জেলা বিএনপির আহ্বায়ক জাবেদ মাসুদ মিল্টন বলেন, "আজকের মুজিবনগরের সম্মেলন রাজনৈতিক প্রেক্ষাপটে অত্যন্ত গুরুত্বপূর্ণ। কোনো বিরোধী প্রার্থী না থাকায় দলের অভ্যন্তরীণ ঐক্যের প্রমাণ মিলেছে।" জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ বলেন, "দীর্ঘ ১৭ বছর নেতাকর্মীরা নির্যাতন সহ্য করেছেন। সেই সংগ্রামের ফসলই আজকের এই সম্মেলন। বিএনপি আবারও রাষ্ট্রক্ষমতায় আসবে তারেক রহমানের নেতৃত্বে।" সম্মেলনের সভাপতি অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, "বিদ্যানাথ তলা মানুষের জন্য আজ ঐতিহাসিক দিন। ৪০ বছর পর মুজিবনগরে এভাবে একটি সুশৃঙ্খল সম্মেলন অনুষ্ঠিত হলো।" অনুষ্ঠানের মধ্যে বক্তব্য রাখেন জেলা বিএনপির হাফিজুর রহমান, ওমর ফারুক লিটন, আখেরুজ্জামান, দারিয়াপুর ইউনিয়ন সভাপতি হাফিজুল ইসলাম, মোনাখালী ইউনিয়ন সভাপতি রায়হান কবির, বাগোয়ান ইউনিয়ন সভাপতি রফিকুল ইসলাম ও মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফুল হক কালু। এছাড়াও উপস্থিত ছিলেন বিএনপির নেতা ইলিয়াস হোসেন, এম এ কে খায়রুল বাশার, রেজাউল করিম, স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টু, জাসসের সভাপতি বাকাবিল্লা প্রমুখ।
সম্মেলনের শেষে সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বী না থাকায় আনুষ্ঠানিকভাবে আমিরুল ইসলাম, মশিউর রহমান, হারুনর রশীদ ও জালাল উদ্দিনের নাম ঘোষণা করা হয়।

## ২৪ জুলাই : চিরুনি অভিযানে

৭০৩ জনকে। গ্রেফতারকৃত ব্যক্তিদের অধিকাংশ বিএনপি ও জামায়াতে ইসলামীর নেতাকর্মী। (সূত্র: প্রথম আলো, ২৫ জুলাই, ২০২৪)।
গ্রেফতারের বিষয়ে তৎকালীন ডিবি প্রধান ও ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) অতিরিক্ত কমিশনার মোহাম্মদ হারুন অর রশীদ বলেন, 'ভিডিও ফুটেজ দেখেই অপরাধীদের গ্রেফতার করা হচ্ছে।'
৫ দিন পর ২৪ জুলাই রাতে সারাদেশে পরীক্ষামূলকভাবে ব্রডব্যান্ড ইন্টারনেট চালু করে বিটিআরসি। তবে মোবাইল ইন্টারনেট বন্ধ রাখা হয়। হামলায় ক্ষতিগ্রস্ত হওয়া মেট্রোরেল এবং ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে বন্ধ রাখা হয়।
এদিন কোটা সংস্কার আন্দোলনকারীদের প্ল্যাটফর্ম বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া, আবু বাকের মজুমদার ও রিফাত রশীদের খোঁজ পাওয়া যায়। নিখোঁজ হওয়ার পাঁচ দিন পর আসিফ ও বাকেরকে চোখ বাঁধা অবস্থায় ফেলে যাওয়া হয় বলে দুজনই ফেসবুকে পোস্ট দিয়ে জানান।
ঢাকাসহ বিভিন্ন জেলায় সংঘর্ষে আহত হয়ে এদিন চিকিৎসাধীন আরও চারজনের মৃত্যু হয়। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে তিনজন ও সাভারের এনাম মেডিকেল কলেজ হাসপাতালে একজনের মৃত্যু হয়।
সরকারি চাকরিতে কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে বিক্ষোভ ও পরবর্তী সংঘাতে ২৪ জুলাই পর্যন্ত ২০১ জনের মৃত্যুর খবর পাওয়া যায়। এ মৃত্যুর হিসাব হাসপাতাল, হাসাপাতালে মরদেহ নিয়ে আসা ব্যক্তি ও স্বজনদের সূত্রে গণমাধ্যমে প্রকাশিত হয়।
ঢাকাসহ তিন জেলায় বুধবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত কারফিউ শিথিল ছিল। অন্যান্য জেলায়ও জেলা প্রশাসকদের নির্ধারিত কয়েক ঘণ্টা কারফিউ শিথিল থাকে। এদিন সরকারি অফিস ও ব্যাংক চার ঘণ্টার জন্য খুলে দেওয়া হয়। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশ-র‍্যাবের পাশাপাশি রাস্তায় সেনাবাহিনীর সদস্যদেরও টহল অব্যাহত ছিল। এছাড়াও এদিন তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে মতবিনিময় সভা করেন দেশের শীর্ষস্থানীয় সাংবাদিকরা।
কারফিউ শিথিল হওয়ায় এদিন রাজধানী থেকে দূরপাল্লার বাস ছেড়ে যায়। ঢাকা নদীবন্দর (সদরঘাট) থেকে বিভিন্ন গন্তব্যে লঞ্চ চলাচল শুরু হয়। এদিন অফিস-আদালত ও কলকারখানায় কর্মচাঞ্চল্য ফিরে আসে।
কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে ঢাকার যেসব স্থাপনায় ভাঙচুর ও অগ্নিসংযোগ করা হয়েছে, সেগুলোর মধ্যে মেট্রোরেলসহ কয়েকটি স্থাপনা সরকারের উদ্যোগে বিদেশি কূটনীতিকদের সরেজমিনে পরিদর্শন করানো হয়।
এ বিষয়ে তৎকালীন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেন, 'মোট ৪৯টি মিশনের প্রতিনিধিরা ধ্বংসযজ্ঞ চালানো কয়েকটি স্থাপনা পরিদর্শন করেছেন। তাদের মধ্যে ২৩ জন রাষ্ট্রদূত ছিলেন। কূটনীতিকদের মেট্রোরেলের ধ্বংসযজ্ঞ, সড়ক ভবন, স্বাস্থ্য অধিদপ্তর, বিটিভি ভবন দেখিয়েছি।'
কোটা সংস্কার আন্দোলনে ১৬ জুলাই ৬ জন নিহতের ঘটনা তদন্তে ২৪ জুলাই বিচার বিভাগীয় তদন্ত কমিশনের প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়। এ বৈঠকে গত ১৬ জুলাই সংঘর্ষের ঘটনাগুলোর বিষয়ে জানতে গণবিজ্ঞপ্তির মাধ্যমে জনগণের কাছে তথ্য চাওয়ার সিদ্ধান্ত নেয় তদন্ত কমিটি। পরিস্থিতি স্বাভাবিক হলে ঘটনাস্থল পরিদর্শনে যাওয়ার কথা জানায় এই কমিটি।
কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে সহিংসতায় নিহত আটজনের পরিচয় শনাক্ত করতে পারেনি পুলিশ। ফলে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) মর্গে পড়ে থাকা মরদেহগুলো বুধবার বেওয়ারিশ হিসেবে দাফন করা হয়।
পুলিশের তৎকালীন মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল মামুন বলেন, 'দুষ্কৃতকারীরা যেখানেই থাকুক না কেন, তাদের আইনের আওতায় আনা হবে।'
তৎকালীন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল জানান, 'জনমনে স্বস্তি না ফেরা পর্যন্ত কারফিউ চলবে।'
নরসিংদী কারাগার থেকে পালানো দুই নারী 'জঙ্গি' ইশরাত জাহান মৌসুমী ওরফে মৌ ও খাদিজা পারভীন মেঘলাকে গ্রেফতার করে পুলিশের সিটিটিসি ইউনিট। এছাড়া পালিয়ে যাওয়া কারাবন্দিদের মধ্যে বুধবার পর্যন্ত ২৯২ জন আত্মসমর্পণ করেন।
সারাদেশে অবিলম্বে ইন্টারনেট চালু, কারফিউ তুলে দেওয়াসহ চার দফা দাবি জানিয়ে ২৩ জুলাই দুই দিনের আল্টিমেটাম দেয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কদের একাংশ। অন্যদিকে, নিজেদের ৯ দফা দাবি আদায়ে ২৫ জুলাই দেশব্যাপী গণসংযোগ কর্মসূচি ঘেষণা করে সমন্বয়কদের আরেক পক্ষ।

আশারাফুন নাহার

# দেশীয় মৌসুমী ফল: সুস্থ জীবনের সহজ হাতিয়ার



বাংলাদেশ ষড়ঋতুর দেশ। প্রতিটি ঋতুতে প্রকৃতি তার নিজস্ব রঙে-রূপে সাজে, সঙ্গে নিয়ে আসে নানা প্রকার দেশীয় ফলমূলের সমারোহ। এসব ফল শুধুমাত্র স্বাদের জন্য নয় এগুলো আমাদের স্বাস্থ্য সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। আমাদের দেশীয় মৌসুমী ফলগুলো ভিটামিন, খনিজ, আঁশ এবং অ্যান্টিঅক্সিডেন্টে ভরপুর; যা শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে, হজমে সহায়তা করে এবং নানা দীর্ঘমেয়াদি রোগ থেকে রক্ষা করে।
আম, কাঁঠাল, লিচু, জাম, তরমুজ, পেয়ারা, পেঁপে, আমলকি, কামরাঙা, বেল, তেঁতুল, কলা ও লেবুর মতো ফলগুলোর পুষ্টিমূল্য যদি বিবেচনায় আনা হয়, তাহলে বোঝা যাবে এগুলো প্রাকৃতিক পুষ্টির প্রকৃত খনি। যেমন আমলকি হলো প্রাকৃতিক ভিটামিন-সি এর সর্বোচ্চ উৎস; পেঁপে হজমে সহায়ক; তরমুজ শরীরকে ঠান্ডা রাখে ও পানিশূন্যতা দূর করে; জাম, পেয়ারা, লেবু ও আনারস ভাইরাস সংক্রমণ প্রতিরোধে উপকারী ভূমিকা রাখে। তবে দুঃখজনক হলেও সত্য, আজকাল বাজারে বিদেশি ফলের আধিপত্য ও প্রক্রিয়াজাত ফলের চটকদার বিজ্ঞাপনের কারণে সহজলভ্য দেশীয় ফলগুলো অনেকটাই উপেক্ষিত। অথচ পুষ্টিবিদ ও চিকিৎসকরা বলে থাকেন রোগ প্রতিরোধে প্রতিদিনের খাদ্যতালিকায় ১০০ থেকে ২০০ গ্রাম দেশীয় মৌসুমী ফল থাকা আবশ্যক। এতে শরীর যেমন সতেজ থাকে, তেমনি দীর্ঘমেয়াদে ওষুধের উপর নির্ভরতাও কমে। বর্তমানে যখন ভাইরাস জ্বর, জন্ডিস, ডায়রিয়া, অ্যালার্জি, কোষ্ঠকাঠিন্য, উচ্চ রক্তচাপ, ডায়াবেটিসসহ নানা অসুখ মানুষের জীবনে স্থায়ী হয়ে যাচ্ছে, তখন স্বাস্থ্য সচেতনতার অংশ হিসেবে দেশীয় ফলকে খাদ্যতালিকায় অন্তর্ভুক্ত করা অত্যন্ত সময়োপযোগী উদ্যোগ। বিশেষ করে শিশু, বৃদ্ধ ও রোগীদের পুষ্টি পূরণে এ ফলগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।স্বাস্থ্য মন্ত্রণালয়, শিক্ষা প্রতিষ্ঠান ও গণমাধ্যমের সমন্বয়ে একটি ফল-সচেতনতা কর্মসূচি গ্রহণ করা যেতে পারে। বিদ্যালয়ের মিড ডে মিল প্রোগ্রামে মৌসুমী ফল অন্তর্ভুক্ত, গণবিজ্ঞাপনে দেশীয় ফলের গুণাবলি তুলে ধরা, এবং স্থানীয় কৃষকদের ফল উৎপাদনে উৎসাহ প্রদান এসব উদ্যোগ বাস্তবায়ন করা গেলে স্বাস্থ্য, কৃষি ও অর্থনীতিতে ইতিবাচক পরিবর্তন আসবে। সবশেষে বলাই যায় দেশীয় ফলের প্রতি আগ্রহ গড়ে তোলা এখন শুধু ব্যক্তি সচেতনতাই নয়, বরং এটি একটি জাতীয় স্বাস্থ্য কৌশলের অংশ হওয়া উচিত। আমাদের বলা উচিতড় "ফল খান, পুষ্টি পান, সুস্থ থাকুন।" (লেখক: ডেভেলোপমেন্টাল থেরাপিস্ট,শিশু বিকাশ কেন্দ্র, শহীদ তাজউদ্দিন আহমেদ মেডিকেল কলেজ)

# ঋণ পরিশোধে করণীয়

মাওলানা মানযার হাসিন

ঋণ বলা একটি অভিশাপ। ঋণ যেমন উপকার তেমনি জীবন অবসাদে ফেলবার একটি বিষয়। একবার ঋণে পড়লে এ থেকে আর উদ্ধার পাওয়া যায় না। ইসলামে ঋণ পরিশোধকে অত্যন্ত গুরুত্ব দেওয়া হয়েছে। ঋণ পরিশোধে অবহেলা করা মুসলমানদের জন্য জায়েয নয়। যত দ্রুত সম্ভব ঋণ শোধ করে দেওয়া উত্তম, কারণ মানুষের জীবনের কোনো নিশ্চয়তা নেই। হাদিসে বর্ণিত হয়েছে, 'ঋণের বোঝা নিয়ে মৃত্যুবরণ করলে কেয়ামতের দিন নেকি থেকে ঋণ পরিশোধ করতে হবে।' (বুখারি, মেশকাত: ৫১২৬)। মৃত ব্যক্তির ঋণ পরিশোধের দায়িত্ব : শরিয়তের বিধান অনুযায়ী, মৃত্যুর পর ওয়ারিসদের প্রথম দায়িত্ব হলো- মৃত ব্যক্তির রেখে যাওয়া সম্পদ থেকে তার ঋণ পরিশোধ করা। ঋণ শোধের পর অবশিষ্ট সম্পত্তি ওয়ারিসরা পাবে। পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে, 'এসব (ওয়ারিসদের প্রাপ্য) অসিয়ত পূরণ ও ঋণ পরিশোধের পরই দেওয়া হবে।' (সুরা নিসা: ১১)। যদি মৃত ব্যক্তির সম্পদ ঋণ পরিশোধের জন্য যথেষ্ট না হয়, তবে অন্য কেউ তা পরিশোধ করলে তা আদায় হয়ে যাবে এবং আদায়কারী সওয়াব পাবেন। রাসুলুল্লাহ (সা.) এক ব্যক্তির জানাজা পড়েননি, কারণ তার ঋণ ছিল এবং তা পরিশোধের ব্যবস্থা করা হয়নি। সাহাবি আবু কাতাদা (রা.) ঋণ পরিশোধের দায়িত্ব নেওয়ার পর নবীজী (স.) জানাযা পড়েন। (সহিহ বুখারিঃ ২২৯৫)। যে ব্যক্তি ঋণ পরিশোধের ইচ্ছা রাখে কিন্তু সামর্থ না থাকায় তা আদায় করতে পারে না, আল্লাহ তাআলা কেয়ামতের দিন নিজেই তার পক্ষ থেকে ঋণ শোধ করবেন। রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'কেয়ামতের দিন আল্লাহ ঋণগ্রস্ত ব্যক্তিকে ডেকে জিজ্ঞাস করবেন, তুমি কেন ঋণ নিয়েছিলে? সে উত্তরে বলবে, হে রব! আমি তা সৎ উদ্দেশ্যে নিয়েছিলাম, অপচয় করিনি। আল্লাহ বলবেন, আজ আমি তোমার ঋণ শোধ করব।' (মাজমাউজ জাওয়ায়েদ: ৪/১৩৬)
আল্লাহ তাআলা আমাদের সবাইকে ঋণমুক্ত জীবন দান করুন এবং ঋণের দায়িত্ব সঠিকভাবে পালন করার তাওফিক দান করুন। আমিন। (লেখক: তরুণ আলেম ও শিক্ষক)

বাংলাদেশে সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে সাধারণ শিক্ষার্থীদের আন্দোলন এবং তাদের ওপর হামলা, সহিংসতা ও হত্যাকাণ্ডের ঘটনায় এদিন প্রতিক্রিয়া জানায় মার্কিন প্রতিরক্ষা দপ্তর পেন্টাগন। পেন্টাগনের মুখপাত্র মেজর জেনারেল প্যাট রাইডার বলেন, তারা বাংলাদেশের চলমান পরিস্থিতি নজরে রেখেছে। একইসঙ্গে পেন্টাগন সবাইকে শান্ত থাকার আহ্বান জানায়।
বাংলাদেশ সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান বলেন, 'দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি অনেকটা নিয়ন্ত্রণে এসেছে। সরকার যত দিন চাইবে, সেনাবাহিনী তত দিন বেসামরিক প্রশাসনের সহযোগিতায় দায়িত্ব পালন করবে।'
জুলাই মাসে বিশ্ববিদ্যালয়গুলোতে নতুন সেমিস্টারের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। সেই পরীক্ষাও স্থগিত করা হয়। চলমান পরিস্থিতির কারণে ৩১ জুলাই পর্যন্ত বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের (পিএসসি) সব পরীক্ষাও স্থগিত করা হয়। এতে ৪৪তম বিসিএসের মৌখিক পরীক্ষা, অর্ধবার্ষিক বিভাগীয় পরীক্ষা (জুন-২০২৪), নন-ক্যাডারের স্ট্যান্ডার্ড অ্যাপটিচুড টেস্টসহ বিভিন্ন ধরনের পরীক্ষা স্থগিত থাকে।

## ছাত্রী অপহরণে অভিযুক্ত বিতর্কিত

আনুমানিক ৩টার দিকে, দুই সহযোগীসহ তিনি ছাত্রীকে নিজ বাড়ি থেকে অপহরণ করেন। মামলার পরে কলেজ কর্তপক্ষ কলেজ থেকে স্থায়ীভাবে কেন বহিস্কার করা হবে না এই মর্মে নোটিশ প্রদান করেছে। কলেজ কর্তপক্ষের নোটিশ সুত্রে জানা গেছে, জুয়ার ফাদে নষ্ট হচ্ছে তরুণরা এবং সেই অনলাইন জুয়ার মুল হোতা বা এজেন্ট হিসেবে উঠে আছে কলেজ শিক্ষক নুরুল ইসলাম ওরফে লালন মাস্টারের নাম। এ বিষয়ে বিভিন্ন পত্র পত্রিকায় সংবাদ প্রকাশ হলে তা কলেজ কর্তৃপক্ষ আমলে নেয়। শিক্ষককে বারবার সতর্ক করে কলেজ কর্তৃপক্ষ। একইসাথে গেল ২০ জুলাই কলেজের এক এইচএসসি পরীক্ষার্থীকে ফুসলিয়ে ভাগিয়ে নিয়ে যায় লালন মাস্টার। মেয়েকে ফুসলিয়ে ভাগিয়ে নিয়ে যাওয়ার অভিযোগে ওই শিক্ষকের বিরুদ্ধে মুজিবনগর থানায় অভিযোগ দায়ের করেন তার পিতা। নোটিশে বলা হয়, বিষয়টি কলেজের তথা কলেজ পরিবারের কাছে ব্যাপক সম্মান হানিকর। একটি দায়িত্বশীল পদে কর্মরত অবস্থায় কলেজের নিয়মনীতির পরিপন্থী। এ ধরনের কাজ অত্র প্রতিষ্ঠানের নিকট অগ্রহণযোগ্য ও অনাকাঙ্ক্ষিত। এমতাবস্থায় আপনাকে মুজিবনগর আদর্শ মহিলা কলেজ থেকে স্থায়ীভাবে কেন বহিস্কার করা হবে না। এই মর্মে তা লিখিত জবাব, নোটিশ পাওয়ার ৭ কর্ম দিবসের মধ্যে কলেজ অধ্যক্ষ বরাবর জমা দিতে বলা হয়েছে।
নুরুল ইসলাম সম্পর্কে স্থানীয়দের অভিযোগ, তিনি সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের ঘনিষ্ঠ এবং তাঁতী লীগের নেতা হওয়ায় দীর্ঘদিন ধরেই রাজনৈতিক আশ্রয়-প্রশ্রয়ে থেকে নানা অনিয়ম ও অপরাধ কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছেন। অনলাইন জুয়া, মানব পাচার ও বিদেশ পাঠানোর নামে প্রতারণার অভিযোগে তার নাম একাধিকবার আলোচনায় এসেছে। স্থানীয়রা আরও বলেন , মুজিবনগর আদর্শ মহিলা কলেজের লাইব্রেয়ান ও নরুল ইসলামের ব্যংকের ম্যানেজার সাইদের সহযোগিতায় সে সকল অপকর্মগুলি করে। মেয়ের বাবা তার যে দুইজন সহযোগির কথা বলছে তার মধ্যে সে একজন। সাইদ বলেন, কেউ আমার নামে মিথ্যা অভিযোগ দিতেই পারে । তবে এ বিষয়ে আমি কিছু জানিনা।
মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান জানান, "মামলাটি নিয়মিতভাবে রেকর্ড করা হয়েছে। আসামিকে গ্রেপ্তারে পুলিশি অভিযান চলছে।"

## আওয়ামী লীগ নেতাসহ চারজন

করেছেন। তবে কোন মামলায় তাকে গ্রেফতার করা হয়েছে, তাৎক্ষণিকভাবে সে তথ্য জানা যায়নি।
আটক আরজান আলী উপজেলার খানপাড়া গ্রামের জিনারুল ইসলামের ছেলে। তিনি দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের বর্তমান সাধারণ সম্পাদক এবং সাবেক ইউনিয়ন পরিষদ (ইউপি) সদস্য। এদিকে, একই সময়ে মেহেরপুরের জেলা গাংনী থানার উদ্যোগে পৃথক অভিযানে পরোয়ান-ভুক্ত চার আসামিকে গ্রেফতার করা হয়েছে। সোমবার রাত থেকে মঙ্গলবার সকাল পর্যন্ত গাংনীর বিভিন্ন এলাকায় এই অভিযান পরিচালিত হয়। গ্রেফতার কৃতরা হলেন গাংনী আড়পাড়া গ্রামের মিন্নাল, রাজাপুরে গ্রমের মোছা. ভলিয়ারা (৪৪),মিনারা ও রেখা (৩০)। পুলিশ জানায়, গ্রেফতারকৃতদের মঙ্গলবার দুপুরে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে। জেলা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, আইনশৃঙ্খলা রক্ষা এবং অপরাধ দমনে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

## আগামীসংসদ নির্বাচনে ঝুঁকিপূর্ণ

হামিদের কাছে পাঠানো হয়েছে। সম্প্রতি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির ১১তম সভাতে এই সুপারিশের ভিত্তি স্থাপন করা হয়। সভায় সভাপতিত্ব করেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপদেষ্টা, অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী। সভার অন্যতম প্রধান সিদ্ধান্ত ছিল নির্বাচনের নিরাপত্তা নিশ্চিত করতে ঝুঁকিপূর্ণ কেন্দ্রগুলোতে সিসিটিভি ক্যামেরা স্থাপন, কার্যকর মনিটরিং ব্যবস্থা গ্রহণ এবং এর বাস্তবায়নের দায়িত্ব ইসিকে দেওয়া। আরও কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ছিলো সভায় অন্যান্য বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়, যার মধ্যে রয়েছেড় একটি সুস্পষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন, যাতে সংশ্লিষ্ট সব সংস্থা সমন্বিতভাবে কাজ করতে পারে। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিরপেক্ষভাবে দায়িত্ব পালন নিশ্চিত করা, যেমন জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা নির্বাহী অফিসার ও ওসি, ৩১ ডিসেম্বরের মধ্যে সব প্রস্তুতি সম্পন্ন করা, নির্বাচনকালীন আইন-শৃঙ্খলা বাহিনীতে নিয়োগ ও প্রশিক্ষণ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার তাগিদ, দুই ধাপে প্রস্তুতিমূলক মহড়া পরিচালনার পরিকল্পনা, যাতে নির্বাচনকালীন সময়ে জরুরি পরিস্থিতিতে তাৎক্ষণিক সাড়া দেওয়া সম্ভব হয়। সভায় আরও জোর দেওয়া হয়: নির্বাচনের আগে ও চলাকালীন সময়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি রোধে নজরদারি বাড়ানো; আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সরকারি কর্মকর্তাদের বিরুদ্ধে বিদ্বেষমূলক প্রচারণা বিষয়ে সতর্কতা; সব সংস্থাকে একত্রে নিরপেক্ষভাবে পরিস্থিতি মোকাবিলার নির্দেশনা। এ বিষয়ে প্রতিক্রিয়ায় ইসি সচিব মোঃ আখতার হামিদ বলেন, "এ মুহূর্তে এ বিষয়ে কিছু বলা সম্ভব নয়। সিসি ক্যামেরা স্থাপনের সিদ্ধান্ত নিতে হলে কমিশনের আনুষ্ঠানিক সিদ্ধান্ত প্রয়োজন।"
তিনি আরও জানান, ইসি ভবিষ্যতে বিষয়টি কমিশনের বৈঠকে উপস্থাপন করবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে কি না, তা আলোচনার পর সিদ্ধান্ত হবে।

## নির্বাচনি সংবাদ সংগ্রহে সাংবাদিকদের জন্য ইসির নীতিমালা প্রকাশ

সংশ্লিষ্ট গণমাধ্যমের অফিসিয়াল প্যাডে নিউজ এডিটর, বার্তা সম্পাদক, ব্যুরো প্রধান বা জেলা প্রতিনিধির স্বাক্ষরে আবেদন জমা দিতে হবে। এতে সাংবাদিকের নাম, গণমাধ্যমের পরিচয়পত্র/পিআইডি কার্ড, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, পাসপোর্ট সাইজ ও স্ট্যাম্প সাইজ রঙিন ছবি সংযুক্ত করতে হবে। প্রাপ্ত আবেদন যাচাই-বাছাই করে রিটার্নিং অফিসার নির্বাচনের গুরুত্ব বিবেচনায় যৌক্তিক সংখ্যক সাংবাদিককে অনুমোদন দেবেন। প্রয়োজনে স্থানীয় প্রেস ক্লাব, সাংবাদিক সংগঠন বা নেতৃবৃন্দের সঙ্গে পরামর্শ করে সাংবাদিকদের সংখ্যা নির্ধারণ করা যাবে। এছাড়া, যাচাইয়ের জন্য বিশেষ কমিটিও গঠন করা যেতে পারে। পত্রিকা নিয়মিত প্রকাশিত হচ্ছে কিনা তা যাচাইয়ের জন্য আবেদনকারীর কাছ থেকে সর্বশেষ এক সপ্তাহের প্রকাশিত সংখ্যা জমা চাওয়া যেতে পারে। সাপ্তাহিকের ক্ষেত্রে তিনটি সংখ্যা চাওয়া হবে। সাংবাদিক পরিচয় নিশ্চিত হওয়ার জন্য সংশ্লিষ্ট সম্পাদক বা প্রেস ক্লাব সভাপতির সঙ্গে যোগাযোগেরও সুযোগ রাখা হয়েছে। কার্ড ও স্টিকারে রিটার্নিং অফিসার বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর, সিল ও ইস্যুর তারিখ উল্লেখ থাকতে হবে। নির্বাচনি এলাকায় সাংবাদিকদের আচরণ বিষয়ে স্পষ্ট নির্দেশনা দেওয়া হয়েছে। বৈধ কার্ডধারী সাংবাদিকরা প্রিজাইডিং অফিসারকে অবহিত করে ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারবেন এবং তথ্য সংগ্রহ, ছবি তোলা ও ভিডিও ধারণ করতে পারবেন। তবে, কোনোক্রমেই গোপন কক্ষে প্রবেশ বা ছবি তোলা যাবে না। একইসঙ্গে এক ভোটকক্ষে দুইয়ের বেশি গণমাধ্যমের সাংবাদিক একত্রে প্রবেশ করতে পারবেন না এবং কেউ ১০ মিনিটের বেশি সেখানে অবস্থান করতে পারবেন না। প্রিজাইডিং অফিসারের নির্দেশনা মেনে চলতে হবে এবং কোনো কর্মকর্তা, এজেন্ট বা ভোটারের সাক্ষাৎকার নেওয়া যাবে না। ভোটকক্ষের ভেতর থেকে সরাসরি সম্প্রচার করা নিষিদ্ধ। প্রয়োজনে বাইরে গিয়ে নিরাপদ দূরত্বে থেকে সম্প্রচার করতে হবে। গণনা কক্ষে গণনার দৃশ্য ও ছবি তোলা গেলেও সরাসরি সম্প্রচার করা যাবে না। সাংবাদিকরা নির্বাচনকালীন প্রচারণায় পক্ষপাতমূলক আচরণ, বিদ্বেষমূলক বক্তব্য বা রাজনৈতিক প্রচারে অংশ নিতে পারবেন না। কোনো নির্বাচন উপকরণ স্পর্শ বা অপসারণ করা যাবে না এবং কর্মকর্তাদের কাজে বাধা দেওয়া যাবে না। নীতিমালায় আরও বলা হয়, সাংবাদিকদের নির্ধারিত নির্দেশনা লঙ্ঘন করলে কার্ড বাতিল করা যাবে এবং প্রয়োজনে সংশ্লিষ্ট গণমাধ্যম বা সাংবাদিকের বিরুদ্ধে নির্বাচন আইনে ব্যবস্থা নেওয়া হবে। এই নীতিমালা জাতীয় সংসদ, সিটি করপোরেশন, জেলা ও উপজেলা পরিষদ, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদের সব ধরনের সাধারণ ও উপনির্বাচনে প্রযোজ্য হবে।

## বিধ্বস্ত বিমান শেখ হাসিনার আমলে

আয়োজিত এনসিপির এক পথসভায় তিনি এ দাবি করেন। হাসনাত বলেন, "যে বাংলাদেশে আকাশ থেকে বিমান ভেঙে পড়ে, ভবন ভেঙে পড়েড়আমরা সেই বাংলাদেশ চাই না। শেখ হাসিনার আমলে বিপুল দুর্নীতি হয়েছে। এ আমলে কেনা বিমানগুলো এখন ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। তাই সেসব দুর্নীতির সঠিক তদন্ত হওয়া জরুরি।" তিনি আরও বলেন, "বিমানবাহিনীর ভাইদের নিরাপত্তা নিয়ে আমরা উদ্বিগ্ন। বর্তমান সরঞ্জামগুলো যথাযথ কি না, সেগুলো ঝুঁকিমুক্ত কি না, তা পুনরায় যাচাই করা প্রয়োজন।" পথসভায় স্বাস্থ্য উপদেষ্টাকে নিয়েও তীব্র সমালোচনা করেন তিনি। ডঃ মুহাম্মদ ইউনূসের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত এক স্বাস্থ্য উপদেষ্টার প্রসঙ্গ তুলে হাসনাত বলেন, "ওই উপদেষ্টা সরকারি বেতন ও সুবিধা ভোগ করলেও বাস্তবে জনগণের কোনো কাজে আসেননি। তিনি ডঃ ইউনুসের গ্রামিন ব্যাংকে চাকরি করতেন। তার সব কর্মকাণ্ড জনগণের সঙ্গে বিশ্বাসঘাতকতা।" তিনি এই উপদেষ্টার পদত্যাগ দাবি করেন এবং তার নেওয়া বেতন ও ভাতা রাষ্ট্রীয় কোষাগারে ফেরত দেওয়ার আহ্বান জানান। পথসভায় বক্তব্য রাখেন এনসিপি নেতা সারজিস আলমও। তিনি বলেন, "জুলাই শহীদদের মা-বোনেরা বিচার না পেয়ে চোখের পানি ফেলে শুকিয়ে ফেলেছেন। খুনি হাসি-নাসহ সংশ্লিষ্ট সকলের বিচার হতে হবে।" এর আগে চাঁদপুর সার্কিট হাউজে শহীদ পরিবারের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ ও কুশল বিনিময় করেন এনসিপির কেন্দ্রীয় নেতারা। তাদের সঙ্গে কথা বলার সময় শহীদ পরিবারের অনেক সদস্য কান্নায় ভেঙে পড়েন। পরে উত্তরার বিমান দুর্ঘটনায় হতাহতদের স্মরণে সার্কিট হাউস থেকে বাসস্ট্যান্ড পর্যন্ত একটি শোক র‍্যালি বের করা হয়। র‍্যালিটি শেষ হয় এনসিপির পদযাত্রায়, যার অংশ হিসেবে হাজীগঞ্জে 'শহীদ আজাদ চত্তর' উদ্বোধন করা হয়। পদযাত্রা শেষে নেতাকর্মীরা কুমিল্লার দিকে রওনা দেন।

## 'কীভাবে ব্যাটিং-বোলিং করতে হয়

বলেন, "ম্যাচ ও সিরিজড়দুটোই হারল পাকিস্তান। বাংলাদেশকে অসংখ্য শুভেচ্ছা। লিটনদের দল আবারও পাকিস্তানকে একটা শিক্ষা দিল। কঠিন উইকেটে কীভাবে ব্যাটিং-বোলিং করতে হয়, সেটা শিখিয়েছে বাংলাদেশ।" মাত্র ১৩৪ রানের লক্ষ্য তাড়া করতে নেমে প্রথম ৬ ওভারে পাকিস্তান হারিয়ে ফেলে ৫টি উইকেট। যদিও ফাহিম আশরাফ ৩২ বলে ৫১ রানের ইনিংস খেলে দলকে ম্যাচে রাখার সর্বোচ্চ চেষ্টা করেন, শেষ রক্ষা হয়নি। রমিজ মনে করিয়ে দেন, "শেষ দিকে বাংলাদেশ কয়েকটি ক্যাচ ফেলেছিল। যদি ফাহিম আউট না হতো, তাহলে পাকিস্তান জিততেও পারতো। কিন্তু তারা নিজেদের কাজটা অনেক কঠিন করে ফেলেছিল। প্রথমেই বিপর্যয়ে পড়ে।" বাংলাদেশের দলীয় সংহতি ও আত্মবিশ্বাসের প্রশংসা করে রমিজ বলেন, "গ্যালারি ছিল কানায় কানায় পূর্ণ। খেলোয়াড়দের স্পিরিট ছিল চোখে পড়ার মতো। বিশেষ করে জাকের আলীর লড়াকু ইনিংসটি দারুণ নজর কেড়েছে।" সিরিজের তৃতীয় ও শেষ টি-টোয়েন্টি ম্যাচ অনুষ্ঠিত হবে বৃহস্পতিবার (২৪ জুলাই) মিরপুরে। সেই ম্যাচে জয় পেলে পাকিস্তানকে তিন ফরম্যাটেই হোয়াইটওয়াশ করার বিরল কৃতিত্ব অর্জন করবে বাংলাদেশ। উল্লেখ্য, এর আগে ২০১৫ সালে ঘরের মাঠে ওয়ানডে সিরিজে এবং ২০২৪ সালে পাকিস্তানে টেস্ট সিরিজে ধবলধোলাই করেছিল টাইগাররা।

## ঐকমত্য কমিশনের বৈঠক থেকে ৩

পর প্রতিষ্ঠানটির শিক্ষার্থী ও অভিভাবকদের প্রতিবাদ কর্মসূচিতে 'আইনশৃঙ্খলা বাহিনীর হামলার' প্রতিবাদে ঐকমত্য কমিশনের সংলাপ থেকে দলগুলো 'ওয়াকআউট' করে।
বুধবার বেলা ১১টার পর আজকের অধিবেশন শুরু হয়। শুরুতে প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার সঞ্চালক হিসেবে কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজকে কথা বলার অনুরোধ করেন। তারপর বক্তব্য দেন সিপিবির সাধারণ সম্পাদক রুহিন হোসেন প্রিন্স।
মাইলস্টোন স্কুলে প্রতিবাদ কর্মসূচিতে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের ওপর 'আইনশৃঙ্খলা বাহিনীর হামলার' অভিযোগ এনে প্রিন্স বলেন, 'অতীতে এ ধরনের ঘটনা ঘটলে স্বৈরাচারী শাসকরা যে ধরনের ঘটনাগুলো ঘটাত, তারই ছায়া দেখলাম। স্বৈরাচারে যারা ছিল, তারা এখানে নানান সংকট, ষড়যন্ত্র করবে, সেটা জানি। একজন উপদেষ্টাকে দেখলাম তিনি বলছেন, গতকালের ঘটনা স্বৈরাচারেরা করেছে। এটাকে ঐক্যবদ্ধভাবে মোকাবিলা করাই (এখন) কাজ। আগে স্বৈরাচারী হাসিনা যখন বিপদে পড়ত, এ ধরনের কথা বলত; তার পাশে ১৪ দল বা অন্যরা বসে থাকত। বলত, সবাই মিলে ঐক্যবদ্ধভাবে মোকাবিলা করতে হবে। সেরকম দেখছি।' ঐকমত্যের আলোচনা জরুরি হলেও ওয়াকআউটের সিদ্ধান্ত নিতে বাধ্য হচ্ছেন জানিয়ে সিপিবির সাধারণ সম্পাদক বলেন, 'এ ঘটনার প্রতিবাদ করা ছাড়া এখানে থাকা সম্ভব হচ্ছে না। এ জন্য ১০ মিনিটের জন্য থাকতে চাই না।' পরে প্রিন্সকে সমর্থন জানান জাসদের স্থায়ী কমিটির মুশতাক হোসেন এবং বাসদের সাধারণ সম্পাদক বজলুর রশীদ ফিরোজ। পরে বেলা ১১টা ২৫ মিনিটের দিকে আবারও সংলাপে যোগ দেন তারা।

## জনগণকে ঠকিয়ে কোনো রাষ্ট্রনায়ক

ভবিষ্যতের বাংলাদেশ প্রসঙ্গে তিনি বলেন, "আমরা বিভেদের বাংলাদেশ চাই না, চাই মানবিক ও সাম্যের বাংলাদেশ। ক্ষমতায় গেলে যুব সমাজকে গড়ার কারিগর বানানো হবে। দক্ষ মানবসম্পদ তৈরি করে দেশকে এগিয়ে নেওয়ার প্রতিশ্রুতি দিচ্ছি।" নির্বাচন নিয়ে জামায়াত আমির বলেন, "নির্বাচন হোক, তবে সেটা হতে হবে স্বচ্ছ ও নিরপেক্ষ। বিগত দিনের মতো কোনো প্রহসনের নির্বাচন জামায়াত মেনে নেবে না। জনগণের সম্পদ লুট করে কেউ আখের গোছাতে পারবে না।" তিনি আরও বলেন, "এই দেশের মাটির ওপরে ও নিচে আল্লাহ অসীম সম্পদ দিয়েছেন, কিন্তু চারিত্রিক দুর্বলতার কারণে এখনো আমরা স্বপ্নের বাংলাদেশ গড়তে পারিনি। গত ৫২ বছরে জনগণের দিক কেউ ফিরে তাকায়নি, বরং দলীয় স্বার্থে ব্যস্ত থেকেছে।" সভায় সভাপতিত্ব করেন উপজেলা জামায়াত আমির মাওলানা ফয়জুল ইসলাম। পরিচালনায় ছিলেন উপজেলা সেক্রেটারি আবুল কাশেম ও পৌর আমির কাজী জমির হোসাইন। সমাবেশে আরও বক্তব্য রাখেন জামায়াতের কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট এহসানুল মাহবুব জোবায়ের, সিলেট-৬ আসনে মনোনীত প্রার্থী ও ঢাকা মহানগর উত্তরের আমির মোহাম্মদ সেলিম উদ্দিন, সিলেট জেলা আমির মাওলানা হাবীবুর রহমান, মহানগর আমির ফখরুল ইসলাম প্রমুখ। এসময় বক্তারা দুর্নীতিমুক্ত ও আত্মনির্ভরশীল বাংলাদেশ গড়ার প্রত্যয় ব্যক্ত করেন। জামায়াতের প্রতীক 'দাঁড়িপাল্লা' নিয়ে নির্বাচনে অংশগ্রহণের প্রস্তুতির কথাও জানান নেতারা। দুপুরের পর থেকেই বিভিন্ন এলাকা থেকে খণ্ড খণ্ড মিছিল নিয়ে জনশক্তি ও সুধী সমাবেশে বিপুলসংখ্যক নেতাকর্মী ও সাধারণ মানুষ অংশ নেন।

## প্রধান উপদেষ্টা

পরাজিত শক্তির নানা ষড়যন্ত্রের লক্ষণ দেখা যাচ্ছে। বুধবার বিকেলে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় তিনি ১৩ রাজনৈতিক দল ও জোটের নেতাদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে প্রধান উপদেষ্টা রাজনৈতিক নেতাদের উদ্দেশে বলেন, 'মতপার্থক্য, প্রতিদ্বন্দ্বিতা থাকলেও ফ্যাসিবাদের বিরুদ্ধে রাজনৈতিক দলগুলোর ঐক্যকে আরও দৃশ্যমান করা দরকার। তা না হলে তারা এটাকে সুযোগ মনে করছে'। বৈঠকে অংশ নেওয়া সকল দল ফ্যাসিবাদের বিরুদ্ধে রাজনৈতিক ও গণঐক্য অটুট রাখার বিষয়ে সমর্থন জানান। তারা আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে প্রধান উপদেষ্টাকে আরও কঠোর হওয়ার আহ্বান জানান। নেতৃবৃন্দ সংস্কার, বিচার ও নির্বাচন প্রক্রিয়ায় পূর্ণ সমর্থন জানিয়ে নির্বাচনকে সামনে রেখে ও ফ্যাসিবাদ প্রতিহত করতে আরও নিয়মিতভাবে রাজনৈতিক দলগুলোর সাথে সর্বদলীয় সভা আয়োজনের অনুরোধ জানান। বৈঠকে রাষ্ট্র সংস্কার আন্দোলনের সৈয়দ হাসিবউদ্দিন হোসেন, গণসংহতি আন্দোলনের জোনায়েদ সাকি, এবি পার্টির মজিবুর রহমান, নাগরিক ঐক্যের শহীদুল্লাহ কায়সার, গণঅধিকার পরিষদের নুরুল হক, লিবারেল ডেমোক্রেটিক পার্টির (এলডিপি) রেদোয়ান আহমেদ, খেলাফত মজলিসের আহমদ আবদুল কাদের, বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাইফুল হক, জাতীয় সমাজতান্ত্রিক দল-জেএসডির তানিয়া রব, ১২ দলীয় জোটের শাহাদাত হোসেন সেলিম, বাংলাদেশ সমাজতান্ত্রিক দলের (বাসদ) বজলুর রশীদ ফিরোজ, বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) রুহিন হোসেন প্রিন্স ও গণফোরামের মিজানুর রহমান অংশ নেন।

## র‍্যাঙ্কিংয়ে ১৭ ধাপ লাফিয়ে সেরা দশে

প্রথম দুই ম্যাচে মোস্তাফিজ ছিলেন বিধ্বংসী ছন্দে। বিশেষ করে প্রথম ম্যাচে তার ইয়র্কার এবং কাটারে পাকিস্তানি ব্যাটারদের নাস্তানাবুদ করে দেন তিনি। তার অসাধারণ নিয়ন্ত্রিত বোলিং পারফরম্যান্সই তাকে এই র‍্যাঙ্কিং উন্নতির পথে নিয়ে গেছে। এ র‍্যাঙ্কিং হালনাগাদে আরেক চমক বাংলাদেশের অফস্পিনার শেখ মেহেদী হাসান। তিনি ৯ ধাপ এগিয়ে এসে এখন টি-টোয়েন্টি বোলারদের মধ্যে ১৬তম স্থানে। চলমান সিরিজে তিনি নিয়েছেন তিনটি গুরুত্বপূর্ণ উইকেট, যার মধ্যে দ্বিতীয় ম্যাচে তার বোলিং ফিগার ছিল ৪ ওভারে ২৫ রানে ২ উইকেট। এছাড়া রিশাদ হোসেন: তিন ধাপ পিছিয়ে ২০তম স্থানে নেমে এসেছেন এই লেগস্পিনার। তাসকিন আহমেদ: এক ধাপ এগিয়ে এখন ২৭তম স্থানে। তানজিম হাসান সাকিব: বড়সড় উন্নতি করেছেন তিনি, ৯ ধাপ এগিয়ে উঠে এসেছেন ৩৭তম স্থানে। আইসিসি টি-টোয়েন্টি বোলিং র‍্যাঙ্কিং অনুযায়ী র‍্যাঙ্কিংয়ের প্রথম রয়েছেন নিউজিল্যান্ডের জেকব ডাফি তার রেটিং পয়েন্ট ৭৩৩। ২য় ও ৩য়-এ রয়েছেন ভারতের বরুণ চক্রবর্তী ও ইংল্যান্ডের আদিল রশিদ।
বিশ্লেষকদের মতে, ধারাবাহিক ভালো পারফরম্যান্স বজায় রাখতে পারলে মোস্তাফিজের আরও উপরে ওঠা সম্ভব। কাটার, স্লোয়ার ও ডেথ বোলিংয়ে তার দক্ষতা তাকে যে কোনো ব্যাটিং লাইনআপের জন্য হুমকি করে তুলেছে। এই অর্জন বাংলাদেশের বোলিং ইউনিটের জন্য যেমন অনুপ্রেরণা, তেমনি আগামী বিশ্বকাপকে সামনে রেখে এটি এক ইতিবাচক বার্তা।

## রাজনৈতিক সরকার না থাকলে

বড় সমস্যা হলো তাদের অভিজ্ঞতার অভাব। কিছু মানুষের ব্যক্তিগত ইগোও সমস্যা বাড়াচ্ছে। তিনি আরও বলেন, রাজনৈতিক দলগুলোর, বিশেষ করে যারা আগে সরকারে ছিল, তাদের অভিজ্ঞতার সঙ্গে পরামর্শ করলে পরিস্থিতি ভালো হতো। তবে সরকারের আন্তরিকতায় কোনো ঘাটতি তিনি দেখছেন না। এছাড়া, তিনি অন্তর্বর্তী সরকারের দুর্বলতাকে বড় করে না দেখে তাদের সদিচ্ছা ও প্রক্রিয়াকে গুরুত্ব দেয়ার আহ্বান জানান। রাজনৈতিক দলগুলোর মধ্যে বাকবিতণ্ডা প্রসঙ্গে ফখরুল বলেন, এগুলো রাজনীতির অংশ। প্রতিপক্ষকে কথায় আঘাত করার চেষ্টা থাকবেই, এতে চিন্তার কিছু নেই। রাজনীতি থাকলেই দেশের উন্নতি সম্ভব, গণতন্ত্রে সবাইকে কথা বলার সুযোগ দিতে হবে, তখনই ভালো সমাধান আসবে। এক ব্যক্তির দলীয় প্রধান ও প্রধানমন্ত্রীত্ব একসঙ্গে না রাখার প্রস্তাব সম্পর্কে তিনি বলেন, এটি একটি প্রস্তাব মাত্র। আলোচনা চলছে। সব দলের মতামত নেওয়া হচ্ছে এবং আলোচনার মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।

## মেহেরপুরে ৭১টি প্রাথমিক বিদ্যালয়ে

প্রজেক্টর বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম। তিনি উপজেলার ৭১টি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের হাতে প্রজেক্টরসহ প্রয়োজনীয় আনুষঙ্গিক সরঞ্জাম তুলে দেন। এ সময় ইউএনও বলেন, "প্রযুক্তিনির্ভর আধুনিক শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে পাঠদান আরও সহজ ও প্রাণবন্ত করতে মাল্টিমিডিয়া প্রজেক্টরের ব্যবহার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।" অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সদর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ফারুক উদ্দিন। তিনি বলেন, "শিক্ষার্থীদের মাঝে পাঠগ্রহণে আগ্রহ তৈরি এবং গুণগত মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করতে মাল্টিমিডিয়া ব্যবস্থাপনা একটি কার্যকর উদ্যোগ।" অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শফিকুল ইসলাম, প্রধান শিক্ষক জাহিদুল ইসলাম, মিনারুল ইসলাম, কমর উদ্দিনসহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তারা। প্রজেক্টর বিতরণ কার্যক্রম শেষে শিক্ষকরা এ উদ্যোগকে স্বাগত জানান এবং ভবিষ্যতে এমন প্রযুক্তিনির্ভর উদ্যোগ অব্যাহত রাখার আহ্বান জানান।

## মেহেরপুরে পৃথক তিন মামলায়

হাসুয়ার কোপে বাদীর ভাই রহিম গুরুতর আহত হন। ঠান্ডু ও হান্নান রহিমের স্ত্রীর কপালে আঘাত করে রক্তাক্ত করেন এবং অন্যরা আরও কয়েকজনকে মারধর করেন। এছাড়াও ঘর থেকে ৬০ হাজার টাকা চুরির অভিযোগ করা হয়।

## বড়াইগ্রামে সড়ক দুর্ঘটনায় ৮ জন

যাচ্ছিলেন। এ সময় পথিমধ্যে সড়ক দুর্ঘটনায় পরিবারের ৬ জন ঘটনাস্থলেই মারা গেছেন ও সীমা (৩৫) রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে এবং মাইক্রোবাস চালক শাহাবুদ্দিন (৪২) রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। দুপুর ২টার দিকে ধর্মদহ গ্রামে গিয়ে দেখা যায়, বাড়ির বাইরে প্রতিবেশীরা ভিড় করে আছেন। আত্মীয়স্বজনরা বাড়ির অন্যদের সান্ত্বনা দেওয়ার চেষ্টা করছেন। থমথমে অবস্থা বিরাজ করছে এলাকায়। বাড়ির ভেতর থেকে ভেসে আসছে কান্নার শব্দ। একই পরিবারের সাতজনের মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোলায়মান শেখ বলেন, নিহতদের বাড়ি ধর্মদহ গ্রামে জানতে পেরেছি। স্থানীয় ক্যাম্প পুলিশকে ওই বাড়িতে পাঠানো হয়েছে। তারা যোগাযোগ রাখছে।